

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা

ঢাকা-১২০৮।

স্মারক নং- বিভাগীয় মামলা নং ৩৬/২০২৫/২১৮

তারিখঃ ২৯ ডিসেম্বর ২০২৫

বিভাগীয় মামলা নং- ৩৬/২০২৫ এর চূড়ান্ত আদেশ (রায়)

০১। যেহেতু, আপনি জনাব মোঃ এহসানউল ইসলাম অনন্ত, জুনিয়র টেকনিশিয়ান, বিটাক, চাঁদপুর গত ২১ নভেম্বর ২০২৪ তারিখে ০১ দিনের অর্জিত ছুটির আবেদন আপনার বিভাগীয় প্রধানের টেবিলে রেখে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকার পর বিটাক, চাঁদপুর হতে ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখে কারণ দর্শানোর নোটিশ জারি করা হলে আপনি ১৯ ডিসেম্বর ২০২৪ কর্মস্থলে যোগদান করেন এবং কারণ দর্শানোর জবাবে পারিবারিক সমস্যার কথা উল্লেখ করে শেষবারের মতো ক্ষমা প্রার্থনা করেন;


০২। যেহেতু, আপনার কেন্দ্র প্রধান আপনার আবেদনের প্রেক্ষিতে আপনাকে মানবিক দিক বিবেচনা করে কঠোরভাবে সতর্ককরত: শেষবারের মতো ক্ষমা করেন। পরবর্তীতে ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে বিনা অনুমতিতে আবার কর্মস্থল ত্যাগ করেন;

০৩। যেহেতু, আপনাকে বিটাক, চাঁদপুর হতে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে পত্র প্রেরণ করা হলে আপনি যোগদান না করায় পুনরায় ১৫ এপ্রিল ২০২৫ তারিখে ২য় বার পত্র প্রেরণ করা হয়। ২য় পত্রে উল্লেখিত তারিখে যোগদান না করে আপনি ৭ মে ২০২৫ তারিখে প্রায় ৯০ (নব্বই) দিন পরে কর্মস্থলে যোগদান করেন এবং ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব পেশ করেন যা মোটেও সন্তোষজনক না হওয়ায় বিটাক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর বিধি ৪৮ (খ) ও (গ) ধারা অনুসারে অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী হিসেবে অভিযুক্ত করে এবং কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করাসহ একই প্রবিধানমালার বিধি ৪৯ (খ) ধারা অনুসারে যে কোনো গুরুদন্ত আরোপ করা হবে না, বিধি ৫২ (খ) মোতাবেক অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তার উপযুক্ত কারণ দর্শানোর ও এ বিষয়ে ব্যক্তিগত শুনানি দিতে চাহেন কিনা তাও জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয় এবং আপনার শুনানি গত ২০ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। শুনানিতে আপনি এমন কাজ আর হবে না মর্মে অজ্ঞীকার করেন এবং ক্ষমা প্রার্থনা করেন; কিন্তু

০৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত দীর্ঘকাল প্রায় ৯০ (নব্বই) দিন পলায়নের অভিযোগের প্রেক্ষিতে আপনার লিখিত জবাব, শুনানির বক্তব্য এবং বিটাক, চাঁদপুর কেন্দ্রে আপনার হাজিরা শিট পর্যালোচনায় দেখা গিয়েছে যে, বিনা অনুমতিতে অফিস ত্যাগ এবং দীর্ঘকাল অনুপস্থিত থাকা আপনার স্বভাবে পরিণত হয়েছে। এমনকি গত ২০ আগস্ট ২০২৫ তারিখের শুনানিতে ক্ষমা প্রার্থনা ও এমন কাজ আর হবে না মর্মে অজ্ঞীকার করার পরও বিটাক, চাঁদপুরে আপনার হাজিরা শিটে দেখা যাচ্ছে আপনি শুনানির পূর্ব হতেই গত ০১ আগস্ট তারিখ হতে অদ্যাবধি ১৫১ (একশত একাত্তর) দিন ও পূর্বের ৯০ (নব্বই) দিনসহ মোট ২৪১ (দুই শত একচল্লিশ) দিন যাবৎ বিনা অনুমতিতে অনুপস্থিত রয়েছেন; এবং

০৫। যেহেতু, বিটাক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর বিধি ৫২ (৩) মোতাবেক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনেও আপনার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়ন (desertion)-এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

০৬। সেহেতু, আপনার বিরুদ্ধে জারীকৃত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, ০২ বার কারণ দর্শানো নোটিশ ও জবাব, আত্মপক্ষ সমর্থনে বিভাগীয় শুনানী ও জবাব, বিনা অনুমতিতে অফিস ত্যাগ এবং দীর্ঘকাল প্রায় ২৪১ (দুই শত একচল্লিশ) দিন বিনা অনুমতিতে অনুপস্থিতি এবং বিভাগীয় তদন্ত কমিটির প্রতিবেদনসহ সামগ্রিক বিষয়টি পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করে আপনার বিরুদ্ধে বিটাক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর বিধি ৪৮ (খ) ও (গ) ধারা অনুসারে অসদাচরণ ও পলায়ন (desertion)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই প্রবিধানমালার বিধি ৪৯ এর ১ এর (খ) (উ) অনুসারে আপনাকে আপনার বিনা অনুমতিতে অনুপস্থিতির তারিখ ০১ ফেব্রুয়ারি ২০২৫ হতে বিটাকের চাকরি হতে বরখাস্ত করা হলো।

  
(পরিমল সিংহ)

মহাপরিচালক, বিটাক

জনাব মোঃ এহসানউল ইসলাম অনন্ত


জুনিয়র টেকনিশিয়ান, বিটাক, চাঁদপুর

স্থায়ী ঠিকানাঃ গ্রাম- ছেউড়িয়া (বিশ্বাসপাড়া), ইউনিয়ন- ছাপড়া,

ডাকঘর- মৌহিনা সেলস, উপজেলা- কুমারখালি, জেলা- কুষ্টিয়া-০৭১।

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

১. সকল পরিচালক, বিটাক।
২. অতিরিক্ত পরিচালক (চঃদাঃ) বিটাক, চাঁদপুর।
৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, বিটাক।
৪. এসিষ্ট্যান্ট মেইটেনান্স ইঞ্জিনিয়ার, আইসিটি বিভাগ, বিটাক (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিটাক, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি/ ব্যক্তিগত নথির কপি।

  
(মোহাম্মদ সাইফুল্লাহ)  
উপপরিচালক (প্রশাসন)